**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 17-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Raisina Dialogue–2025 :**

আজ থেকে নতুন দিল্লিতে শুরু হচ্ছে রাইসিনা সংলাপ ২০২৫। এটি ভারতে আয়োজিত ভূ–রাজনীতি ও ভূ–অর্থনীতি সংক্রান্ত সর্ববৃহৎ সম্মেলন। সম্মেলন চলবে ১৯ মার্চ পর্যন্ত। এবারের থিম কলাচক্র– পিউপল, প্লেস, প্ল্যানেট। রাইসিনা ডায়লগের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন। উপস্থিত থাকবেন ১৮টি দেশের বিদেশ মন্ত্রী, বাণিজ্যিক সংস্থার প্রধান ও বিদেশনীতির বিশেষজ্ঞরা।

*************************

**PM :**

প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন ভারত যখনই শান্তির কথা বলে তখনই বিশ্ব তা শোনে কারণ এটি গৌতম বুদ্ধ এবং মহাত্মা গান্ধীর দেশ। এ আই গবেষক এবং পটকা স্টারলেক্স ফ্রিডম্যানের সাথে একটি পডকাস্টে শ্রী মোদি বলেছেন ভারতীয়রা সম্প্রীতিকে সমর্থন করে এবং শান্তির পক্ষে দাঁড়ায়। রাশিয়া, ইউক্রেন সম্পর্কে এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেছেন, উভয় দেশ আলোচনায় টেবিলে এলে কেবল তখনই সংঘাতের সমাধান হবে। প্রধানমন্ত্রী মোদী পাকিস্তানের সাথে সুসম্পর্কের বিষয়ে তার সরকারের প্রচেষ্টার কথা উল্লেখ করেন। কিন্তু প্রতিবেশী দেশ শত্রুতা দেখিয়েছে। তিনি আশা করেন প্রতিবেশীর মধ্যে জ্ঞানের বিকাশ ঘটবে।

*************************

**Amit Shah–Meetings with NE CM’s :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র এবং সমবায় মন্ত্রী অমিত শাহ গুয়াহাটিতে গতকাল উত্তর-পূর্ব-এর রাজ্যগুলিতে তিনটি নতুন ফৌজদারি আইন বাস্তবায়নের বিষয়ে এক পর্যালোচনা সভায় পৌরহিত্য করেন। বৈঠকে উত্তর-পূর্ব রাজ্যগুলিতে পুলিশ, কারাগার, আদালত, বিচার বিভাগ এবং ফরেন্সিক সম্পর্কিত বিভিন্ন নতুন বিধানের বাস্তবায়ন এবং বর্তমান অবস্থার পর্যলোচনা করা হয়। এই বৈঠকে আসাম, অরুনাচল প্রদেশ, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, ত্রিপুরা এবং সিকিমের মুখ্যমন্ত্রী ও মনিপুরের রাজ্যপাল উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব, উত্তর-পূর্ব রাজ্যগুলির মুখ্য সচিব, পুলিশ মহা নির্দেশক, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এবং রাজ্য সরকারের উর্দ্ধতন কর্মকর্তারাও বৈঠকে উপস্থিত ছিলেন।

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

******************************

**RBI-PM :**

ডিজিটাল ট্রান্সফর্মেশন এওয়ার্ড ২০২৫-এর জন্য নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আরবিআই এর প্রশংসা করেছেন। লন্ডনের কেন্দ্রীয় ব্যাংক এই অ্যাওয়ার্ড প্রদান করবে। সামাজিক মাধ্যমে শ্রী মোদী RBI-এর প্রশংসা

করে বলেছেন যে এই কৃতিত্ব শাসনব্যবস্থা উদ্ভাবনা এবং দক্ষতার প্রতি জোর দেওয়ার প্রতিফলন। তিনি আরো বলেন ডিজিটাল উদ্ভাবন ভারতের আর্থিক অবস্থাকে শক্তিশালী করে চলেছে।

*****************************

**Bikash Debbarma :**

তেলিয়ামুড়ার কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের মানিক বাজারের অন্তর্গত, তুই থামপুই এবং রুপাছড়া এলাকায় গতকাল এক সাংগঠনিক বৈঠকে অংশগ্রহণ করেন জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা। বৈঠকে এলাকার মানুষের আর্থ সামাজিক মানোন্নয়নে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের গৃহীত প্রকল্পগুলি রুপায়ন ও বাস্তবায়নের লক্ষে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি দলের সাংগঠনিক শক্তি বৃদ্ধির জন্য কর্মসূচি গ্রহণ করা হয়।

*************************

**IWD-BMS :**

ভারতীয় মজদুর সংঘ পশ্চিম ত্রিপুরা জেলা কমিটির উদ্যোগে গতকাল নাগেরজলা বাসস্ট্যান্ডে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে এক সংবর্ধনা অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে নারীদের অধিকার, সমাজে তাঁদের ভূমিকা নিয়ে আলোচনা করেন ভারতীয় মজদুর সংঘের কেন্দ্রীয় কমিটির সদস্যা রুমা সাহা। অনুষ্ঠানে সমাজে ব্যতিক্রমী অবদান রাখা বিভিন্ন মহিলাদের সংবর্ধনা জানানো হয়।

*******************************

**Baruni :**

আসন্ন পুণ্য বারুণী পালন উপলক্ষে প্রস্তুতিপর্ব চলছে ঊনকোটি জেলা সদর কৈলাশহরে। বৈদিক ব্রাহ্মন সমাজ এর উদ্যোগে আগামী সাতাশে মার্চ ধর্মীয় রীতিনিয়ম মেনে বারুণী স্নানযাত্রা উৎসব কৈলাসহরের মনু নদীর তীরে দশমীঘাটে অনুষ্ঠিত হবে। সংগঠনের সম্পাদক বাসব ভট্টাচার্য জানান,

আগামী তেইশে মার্চ সংগঠনের দ্বাদশ প্রতিষ্ঠা দিবস উপলক্ষে হাসপাতালে রোগিদের মধ্যে ফল, দুধ ইত্যাদি বিতরণ করা হবে।

*****************************

**PMMSY-UNAKOTI :**

ভারত সরকারের প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা'য় কৈলাশহর মহকুমার চন্ডীপুর ও গৌরনগর ব্লক এলাকার আট হেক্টর জমিতে পুকুর খনন করা হয়েছে। মৎস্য তত্বাবধায়ক প্রনব কান্তি নাথ জানান, খনন কাজে হেক্টর প্রতি ব্যয় হয়েছে ৮ লক্ষ ৮৪ হাজার টাকা। মোট ৫২ জন সুবিধাভোগী এতে উপকৃত হয়েছেন বলে তিনি জানান।

*****************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রী সেলসিয়াস। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ২২.৮ ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ঊনকোটি, ধলাই, খোয়াই এবং পশ্চিম ত্রিপুরা জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************************